

“আত্মকর্মী যুব শক্তি, টেকসই উন্নয়নের মূলভিত্তি”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
১০৮, মতিঝিল, বা/ এ, ঢাকা-১০০০।
www.dyd.gov.bd

স্মারক নং-৩৪.০১.০০০০.০৩৮.০২. ৩৪০.২০১৬- ৫০৬

তারিখঃ ১০ জ্যৈষ্ঠ, ১৪২৪বং
২৪ মে, ২০১৭খ্রিঃ


বিষয়ঃ যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নধীন “দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে ব্যাপক প্রযুক্তি নির্ভর সমন্বিত সম্পদ ব্যবস্থাপনা(২য় পর্যায়- ১ম সংশোধিত) “[Integrated Management of Resources for Poverty Alleviation Through Comprehensive Technology(IMPACT) (Phase-2)(1st Revised)]”- শীর্ষক প্রকল্পের ২০১৬-২০১৭ অর্থবছরের ১ম থেকে ৪র্থ কিস্তি পর্যন্ত বরাদ্দকৃত অর্থের ব্যয়, হিসাবরক্ষণ অফিসে বিল দাখিল এবং সমর্পন হিসাব প্রেরণ প্রসঙ্গে।

- সূত্রঃ ০১। ১৯-০৪-২০১৭ তারিখে স্বাক্ষরিত ১ম কিস্তির অর্থ বরাদ্দের স্মারক নং-৩৪.০১.০০০০.০৩৮.২০(অংশ-২).০২.২০১৬-৩৭, তারিখঃ ০৭ আগস্ট ২০১৬খ্রিঃ এর প্রতিস্থাপন বরাদ্দ বিভাজন।
০২। ১৯-০৪-২০১৭ তারিখে স্বাক্ষরিত ২য় কিস্তির অর্থ বরাদ্দের স্মারক নং-৩৪.০১.০০০০.০৩৮.২০(অংশ-২).০২.২০১৬-১৮০, তারিখঃ ০৬ নভেম্বর ২০১৬ খ্রিঃ এর প্রতিস্থাপন বরাদ্দ বিভাজন।
০৩। ১৯-০৪-২০১৭ তারিখে স্বাক্ষরিত ৩য় কিস্তির অর্থ বরাদ্দের স্মারক নং-৩৪.০১.০০০০.০৩৮.২০(অংশ-২).০২.২০১৬-৩৯২, তারিখঃ ১২ মার্চ ২০১৭ খ্রিঃ এর প্রতিস্থাপন বরাদ্দ বিভাজন।
০৪। ৪র্থ কিস্তির অর্থ বরাদ্দের স্মারক নং-৩৪.০১.০০০০.০৩৮.২০(অংশ-২).০২.২০১৬-৫০৫, তারিখঃ ২৩ মে ২০১৭ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ে অবগতি ও যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, সূত্রোক্ত স্মারকসমূহের মাধ্যমে যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নধীন “দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে ব্যাপক প্রযুক্তি নির্ভর সমন্বিত সম্পদ ব্যবস্থাপনা(২য় পর্যায়- ১ম সংশোধিত) “[Integrated Management of Resources for Poverty Alleviation Through Comprehensive Technology(IMPACT) (Phase-2)(1st Revised)]”- শীর্ষক প্রকল্পের অনুকূলে চলতি ২০১৬-২০১৭ অর্থবছরের ১ম, ২য়, ৩য় ও ৪র্থ কিস্তি পর্যন্ত সমুদয় অর্থ বরাদ্দ প্রদান করা হয়েছে (কিস্তি ভিত্তিক পৃথক পৃথক ভাবে অর্থ বরাদ্দের আদেশসমূহ যুব উন্নয়ন অধিদপ্তরের ওয়েবসাইট www.dyd.gov.bd- তে দেয়া আছে)। বেতন-ভাতাদি, ভর্তুকী, অফিস ভাড়া, বিদ্যুৎ, ওরিয়েন্টেশন ও মেশন প্রশিক্ষণ ইত্যাদি খাতে আরডিপিপি'র সংস্থান অনুযায়ী উপজেলা কার্যালয় হতে সংগ্রহীত চাহিদার ভিত্তিতে বরাদ্দ প্রদান করা হয়েছে এবং ভ্রমণ ভাতা, পেট্রোল লুব্রিকেন্ট, বিবিধ ও স্টেশনারী খাতে অর্থের সংস্থান অনুযায়ী বরাদ্দ প্রদান করা হয়েছে। বরাদ্দকৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে আর্থিক শৃংখলা ও নিয়মমাচার পরিপূর্ণভাবে প্রতিপালন এবং সাফল্যজনকভাবে অর্থবছর সমাপ্তির লক্ষ্যে অর্থ ব্যয়ের ক্ষেত্রে নিম্নোক্ত নির্দেশনা যথাযথভাবে প্রতিপালনের জন্য অনুরোধ করা হলোঃ

- (ক) ২০১৬-২০১৭ চলতি অর্থবছরের বিল দাখিলের সর্বশেষ তারিখ পর্যন্ত অপেক্ষমান না থেকে বাজেট বরাদ্দ প্রাপ্তির সাথে সাথেই প্রকৃত ব্যয়ের ভিত্তিতে সমুদয় বিল প্রস্তুতপূর্বক সংশ্লিষ্ট হিসাবরক্ষণ অফিসে দাখিলের জন্য পরামর্শ প্রদান করা হলো এবং সমর্পণ হিসাব অতি দ্রুত (যত দ্রুত সম্ভব) প্রকল্পের ইমেইল-pdimpactphase2dyd@gmail.com এ প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।
(খ) এ অর্থ ব্যয়ে যাবতীয় আর্থিক বিধি-বিধান ও নিয়মমাচার যথাযথভাবে পালন করতে হবে;
(গ) অনুমোদিত বিভাজন অনুযায়ী এ অর্থ ব্যয় করতে হবে এবং এক খাতের অর্থ অন্য খাতে ব্যয় করা যাবে না;
(ঘ) এ অর্থ ব্যয়ে ভবিষ্যতে কোন অনিয়ম দেখা দিলে বিল পরিশোধকারী কর্তৃপক্ষ দায়ী থাকবে;
(ঙ) ক্রয়ের ক্ষেত্রে PPR-২০০৮ এবং সংশোধনীসহ অনুসরণ করতে হবে;
(চ) ৫৯৬৫-ভর্তুকী খাতে বরাদ্দকৃত অর্থ ব্যয়ের বিভাজন প্রকল্পের আওতায় লক্ষ্যমাত্রা অনুযায়ী নির্মিত প্রতিটি বায়োগ্যাস প্লান্টের বিপরীতে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা হিসেবে প্রকৃত গ্রাহককে প্রদান নিশ্চিত করতে হবে।

০২। উপরোক্ত নির্দেশনাসমূহ যথাযথভাবে প্রতিপালনের জন্য অনুরোধ করা হলো।



(মোঃ আমির হামিদ খান)

প্রকল্প পরিচালক

ইমপ্যাক্ট (ফেজ-২) প্রকল্প

যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা

ফোন- ৯৫৮৮৩৯২, ফ্যাক্স-৯৫৭৮১০৪

e-mail:pdimpactphase2dyd@gmail.com

প্রাপক,

উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা

যুব উন্নয়ন অধিদপ্তর

উপজেলাঃ -----, জেলাঃ -----।

বিতরণঃ

০১। উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, -----।

০২। প্রোগ্রামার, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা (তাকে প্রতীকিত যুব উন্নয়ন অধিদপ্তরের ওয়েবসাইটে প্রচারের জন্য অনুরোধ করা হলো)।

০৩। উপজেলা ক্রেডিট এন্ড মার্কেটিং অফিসার/উপজেলা বায়োগ্যাস সাব-এসিস্টেন্ট ইঞ্জিনিয়ার, ইমপ্যাক্ট (ফেজ-২) প্রকল্প, যুব উন্নয়ন অধিদপ্তর, উপজেলাঃ -----, জেলাঃ -----।

০৪। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

০৫। অফিস কপি।